সাপ্তাহিক

# হাওড়া বার্তা


## HOWRAH BARTA

রাজ্যে প্রাথমিকে
স্কুলছুটের হার শূণ্য

নাগরিকত্বের জন্য
কেন্দ্রের 'স্মার্টকার্ড'
নিয়ে ভাবনা-চিন্তা

**R.N.I. NO - 2626/1957**
**POSTAL REGN. NO.**
**P.M.G (S.B) / 151 / HWH (2023-2025)**

বর্ষ - ৭৪, সংখ্যা - ২ ● হাওড়া, ১৬ আগস্ট ২০২৫, ৩০ শ্রাবণ ১৪৩২ ● মূল্য - ২ টাকা




MEMO NO - 661 (6), LOCAL ADVT DICO/HOW, DATED -12.08.2025.

ভারতবর্ষ আমার দেশ
সকল ভারতবাসী আমার ভাই

নির্ভীক, নির্দলীয় ও নিরপেক্ষ সাপ্তাহিক

# হাওড়া বার্তা

• প্রথম প্রকাশ - ১৯৫২ •

প্রতিষ্ঠাতা সম্পাদক ডাঃ শম্ভুচরণ পাল (১৯৫২-১৯৯১)
পরবর্তী সম্পাদক ডাঃ বীরেন পাল (১৯৯১-২০০৭)

## নবান্ন অভিযানে ভোগান্তি



*প্রায়শই নবান্ন অভিযান ঘিরে সাধারণ মানুষকে ভোগান্তির শিকার হতে হচ্ছে। তৃণমূল সরকারের আমলে রাজ্যের মুখ্য প্রশাসনিক কার্যালয় রাইটার্স বিল্ডিং সংস্কারের জন্য হাওড়ার শিবপুরে উঠে এসেছে, যার নাম দেওয়া হয়েছে 'নবান্ন'। এই বাড়ি টেক্সটাইলের নানা কেন্দ্র স্থাপনের জন্য বাম আমলে নির্মিত হয়েছিল। রাজ্যে পালা বদলের পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রশাসনিক কার্যালয় স্থানান্তরের উদ্যোগ নেন। প্রায় দশ বছরের বেশি সময় ধরেই এখান থেকে রাজ্যপাটের প্রশাসনিক কাজকর্ম হয়ে চলছে। বিভিন্ন রাজনৈতিক বা অরাজনৈতিক দলের দাবি-দাওয়া নিয়ে প্রশাসনিক কার্যালয় অভিযানের ডাক দেওয়া হয়। তাকে সামাল দিতে পুলিশি তরফে নবান্নের প্রায় পাঁচ-ছয় কিলোমিটার ব্যাসার্ধ সাঁতরাগাছি, ফোরশোর রোড, হাওড়া ময়দান থেকে বিদ্যাসাগর সেতুর অপর পাড়ে কলকাতাকে কঠোর নিরাপত্তায় মুড়ে দিতে নানা ব্যবস্থা নেওয়া হয়। এমতাবস্থায় প্রায়ই আন্দোলনকারীদের ধুন্ধুমার কান্ড লক্ষ্য করা যায়, যার জন্য পুলিশকে নিশ্ছিদ্র আঁটোসাঁটো ব্যবস্থা করতে হচ্ছে। এতে পথচলতি সাধারণ মানুষের ভোগান্তি বেড়েছে। অফিস, স্কুল-কলেজের নিত্য যাতায়াতকারীদের সমস্যায় পড়তে হচ্ছে, পাশাপাশি দোকানপাট বন্ধ রাখার জন্য এই এলাকার ব্যবসায়ীদের ক্ষতি হচ্ছে। সোম ও মঙ্গলবার নবান্ন অভিযানের ডাক দেওয়া হলে শতবর্ষ প্রাচীন হাওড়া মঙ্গলাহাটের ব্যবসায়ীদের কোটি কোটি টাকার আর্থিক ক্ষতির মুখেও পড়তে হচ্ছে। এজন্য তাঁরা ওই দু'দিন অভিযান রুখতে আদালতের স্মরণাপন্ন হয়েছেন।*

*দাবি-দাওয়া নিয়ে আন্দোলনের ডাক দেওয়া অধিকারের মধ্যে পড়ে। নিরাপত্তা জোরদার করা হবে জেনেও শুভবুদ্ধি জনেরাও 'নবান্নে পৌঁছাতেই হবে' এরকম অভিযানে সামিল হন, এতে জনসাধারণকে ভোগান্তির মধ্যে ফেলা হয় ও ব্যবসায়িক ক্ষতির দিকে কারোর নজর থাকে না। কোন রকম ক্ষতির সম্মুখীন না ঘটিয়ে আন্দোলনকারী বা অভিযানকারীদের ভাবনা-চিন্তার প্রয়োজন রয়েছে, নচেৎ এভাবে চলতে থাকলে মানুষকে ভুগতে হবে।*

## • দেশে-রাজ্যে উল্লেখযোগ্য •

**(৯ - ১৫ আগস্ট)**

৯ - ঝাড়গ্রামে বিশ্ব আদিবাসী দিবস উদযাপনে মুখ্যমন্ত্রী, আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের মৃত্যু বার্ষিকীতে বিচারের দাবিতে নবান্ন অভিযান ঘিরে ধুন্ধুমার

১০ - শিয়ালদল - রাণাঘাটের মধ্যে এসি লোকাল ট্রেন চালু, বেঙ্গালুরু - বেলগাভির মধ্যে বন্দেভারত ট্রেনের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

১১ - সার ইস্যুতে ইন্ডিয়া শিবিরের সাংসদদের জাতীয় নির্বাচন কমিশনের কার্যালয় ঘেরাও, পরলোকে রাজ্যের প্রাক্তন ডেপুটি স্পিকার কৃপাসিন্ধু সাহা, কর্ণাটকের মন্ত্রী কে এন রাজান্নার পদত্যাগ, দিল্লির রাস্তা থেকে পথ কুকুর সরাতে সুপ্রিমকোর্টের নির্দেশ, দিল্লিতে সাংসদদের আবাসনের উদ্বোধনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

১২ - রাজ্যসভায় স্পোর্টস গভর্ন্যান্স বিল, আয়কর বিল ও ট্যাক্সেশন বিল পাশ

১৩ - রাজ্যে প্রদেশ কংগ্রেসের নতুন কমিটি গঠন, চার আধিকারিককে বরখাস্তে জাতীয় নির্বাচন কমিশনের তলবে রাজ্যের নির্বাচন কমিশনারের হাজির

১৪ - পরলোকে প্রাক্তন অলিম্পিয়ান ভেস পেজ, রাজ্যে 'কন্যাশ্রী' দিবস পালন, স্বাধীনতা দিবসের প্রাক্কালে লালকেল্লায় প্রধানমন্ত্রীর ভাষণ

১৫ - ন'জনকে 'অপারেশন সিঁদুর' বীরত্বের স্বীকৃতি প্রদান

## নাগরিকত্বের জন্য কেন্দ্রের স্মার্ট কার্ড চালুর ভাবনা

***সংবাদদাতা*** **ঃ** ভোটার কার্ড ও আধার কার্ড নাগরিকত্বের প্রমাণ নয় ও 'সার' ইস্যু নিয়ে দেশ জুড়ে প্রবল হৈ চৈ-এর জেরে নাগরিকত্ব কার্ড চালু করতে কেন্দ্র চিন্তা-ভাবনা শুরু করেছে। আধার কার্ড দেখিয়ে ভোটার কার্ড করা হয় অথচ সেই আধারই নাগরিকত্বের প্রমাণ না হয়, তাহলে কীসের ভিত্তিতে এটি গ্রহণ করা হচ্ছে তা নিয়ে প্রশ্নের মুখে পড়তে হচ্ছে। এই পরিস্থিতিতে ফের আলোচনা শুরু হয়েছে। দেশ জুড়ে 'সার' ও জনগণনা হয়ে যাওয়ার পর শুধুমাত্র বৈধ নাগরিকদের জন্য স্মার্ট সিটিজেনশিপ কার্ড ইস্যু করা হতে পারে বলে কেন্দ্র নয়া পরিকল্পনার পথে।

সম্প্রতি তৃণমূল কংগ্রেসের সাংসদ মালা রায়ের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে জানানো হয়, সংসদীয় নাগরিকত্ব আইনে প্রত্যেক নাগরিকদের বাধ্যতামূলক নথিভুক্ত করার ও তাকে সিটিজেনসিপ কার্ড দিতে কেন্দ্রের সম্পূর্ণ অধিকার রয়েছে। এই জবাব থেকেই ন্যাশনাল সিটিজেনশিপ কার্ড দেওয়া নিয়ে কেন্দ্র ভাবনা-চিন্তা করছে। তবে আগেও সংসদে এই ইস্যু নিয়ে প্রশ্ন উঠলেও এই ধরণের কার্ড দেওয়ার ইঙ্গিত পাওয়া গিয়েছিল।

## নবান্ন অভিযান ঃ কার্যত ব্যর্থ হল

***সংবাদদাতা*** **ঃ** আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার এক বছর পূর্তিতে বিচারের দাবি জানিয়ে ৯ আগস্ট নির্যাতিতার বাবা-মাকে নিয়ে রাজ্যের বিরোধী রাজনৈতিক দলের তরফে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়। কঠোর নিরাপত্তায় এদিনের অভিযান কার্যত ব্যর্থ হয়। পার্ক স্ট্রিটের কাছে মিছিল আটকাতে ধুন্ধুমার কান্ড ঘটে। ধাক্কাধাক্কিতে নির্যাতিতার মায়ের মাথায় আঘাত লাগা ও শাঁখা ভেঙে যাওয়ার অভিযোগ ওঠে। নবান্ন অভিযান নিয়ে কলকাতা ও হাওড়া পুলিশের আঁটোসাঁটো ব্যবস্থা ছিল। আইন শৃঙ্খলা রক্ষায় হাওড়া ব্রিজ, সাঁতরাগাছি, ফোরশোর রোড, বিদ্যাসাগর সেতু থেকে শুরু করে পার্ক স্ট্রিট, হেস্টিংস সহ নবান্ন সংযোগকারী সমস্ত রাস্তা বন্ধ রাখা হয়, এর ফলে দুই শহর জুড়ে ভোগান্তির সৃষ্টি হয়। তবে অরাজনৈতিক ভাবে ডাক দেওয়ার কথা ঘোষণা করা হলেও নেপথ্যে গেরুয়া শিবিরের ভূমিকা ছিল বলে দেখা যায়।

## আশা ভবনে সৌর বিদ্যুৎ প্রকল্প

***সংবাদদাতা*** **ঃ** উলুবেড়িয়ার জগৎপুরের আশা ভবন সেন্টারে সৌর বিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করা হল। ১২ আগস্ট এই প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনশিক্ষা প্রসার দপ্তরের প্রধান সচিব রাজেশ কুমার, দপ্তরের অধিকর্তা উপালি রায়, বিধায়ক বিদেশ বসু, উলুবেড়িয়া পুরসভার চেয়ারম্যান অভয় দাস, মহকুমা শাসক তথা স্কুলের সভাপতি মানস কুমার মন্ডল। এছাড়াও এদিন বিশেষ চাহিদা সম্পন্ন পড়ুয়াদের জন্য একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের সূচনা করা হয়। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক অজয় দাস জানান, স্কুলে বিদ্যুতের জন্য অনেকটাই অর্থ খরচ হতো, উলুবেড়িয়ার একটি সংস্থার আর্থিক সহায়তায় পাঁচ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন সৌর বিদ্যুৎ বসানো হয়েছে। উল্লেখ্য, প্রথম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ৮০ জন বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্রছাত্রী পড়াশুনা করে।

## বাংলাদেশি সন্দেহে মুম্বইয়ে হাওড়ার যুবক আটক

***সংবাদদাতা*** **ঃ** বাংলাদেশি সন্দেহে আমতার রাজাপুরের বাসিন্দা শেখ মিজানুর মিস্ত্রিকে মুম্বইয়ের সান্তাক্রুজে আটক করে হেনস্থা করার অভিযোগ পাওয়া যায়। জানা যায়, মিজানুর ও তার ভাই প্রায় দশ বছর ধরে সান্তাক্রুজে দরজির কাজ করেন। বাংলাদেশি সন্দেহে তাকে মুম্বই পুলিশ আটক করে, আধার ও ভোটার কার্ড দেখিয়েও রেহাই না পাওয়ায় গ্রামের বাড়িতে সমস্ত বিষয়টি জানান। তাঁর পরিবারের তরফে রাজাপুর থানায় জানানো হয়। পাশাপাশি উলুবেড়িয়া-উত্তর কেন্দ্রের বিধায়ক ডাঃ নির্মল মাজীর দৃষ্টি আকর্ষণ করা হয়। এর পর জেলা ও রাজ্য প্রশাসনকে জানানো হয়। মিজানুরকে পুলিশের হাত থেকে মুক্ত করতে সমস্ত রকম চেষ্টা চালানো হচ্ছে। এই পরিস্থিতিতে বাড়ির লোকজন উৎকণ্ঠায় রয়েছেন।

## অস্থায়ী সাফাই কর্মীদের বিক্ষোভ

***নিজস্ব প্রতিনিধি*** **ঃ** স্থায়ীকরণ, বেতন বৃদ্ধি সহ একাধিক দাবিতে হাওড়া পুরসভার অস্থায়ী সাফাই কর্মীরা ১৩ আগস্ট প্রথমে পুর কমিশনারের কার্যালয়ের সামনে ও পরে মহাত্মা গান্ধী রোড অবরোধ করে বিক্ষোভ দেখান। পরে বিক্ষোভকারীরা মিছিল করে হাওড়া জেলাশাসকের দপ্তর ও পুলিশ কমিশনারের দপ্তরের সামনে অবরোধ করেন। এর ফলে হাওড়া ময়দান চত্বরে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। অল ইন্ডিয়া সাফাই মজদুর সংগঠনের তরফে তাঁরা দাবি-দাওয়া সম্বলিত স্মারকলিপি প্রদান করেন। তাঁদের অভিযোগ অস্থায়ী সাফাইকর্মীদের স্থায়ীকরণের দাবি জানানো হলেও পুর কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেনি। এদিকে পুরসভার তরফে জানানো হয় তাঁদের দাবিগুলো খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

# ডোমজুড় কলেজে বিশ্ব সংস্কৃত দিবসে অভিনব প্রদর্শনী



*অনন্ত চন্দ্র* ঃ ডোমজুড়ের আজাদ হিন্দ ফৌজ স্মৃতি মহাবিদ্যালয়ের সংস্কৃত বিভাগ ও ইন্টারনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেলের উদ্যোগে ১২ আগস্ট 'বিশ্ব সংস্কৃত' দিবস উপলক্ষ্যে এক বিশেষ প্রদর্শনী ও আলোচনাচক্রে আয়োজন করা হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন অধ্যক্ষ ডঃ সুপ্রিয় চক্রবর্তী। সংস্কৃত বিভাগের শিক্ষক সুকান্ত কাঁড়ার বলেন, প্রাত্যহিক জনজীবনে সংস্কৃত ভাষার প্রয়োগের মাধ্যমেই সংস্কৃতি সন্ধানের প্রয়োজন রয়েছে। মোজা (পাদকোষ), বেল্ট (কটিবন্ধ), চিরুনী (কঙ্কতম্), ধূপ (গন্ধবর্তিকা), হাতি (গজ), কুমরি (মকর), প্রেসার কুকার (বাষ্পস্থালী), পেন (লেখনী), মানিব্যাগ (ধনস্যূত), বই (পুস্তকম), খবরের কাগজ (বার্তা পত্রিকা), নেল কাটার (নখকর্তরী), কাঁচি (কর্তরী) ইত্যাদি সামগ্রী অভিনব প্রদর্শনীতে স্থান পায় যা দেখতে ছাত্রছাত্রীদের উৎসাহ চোখে পড়ার মতো ছিল।

# রবীন্দ্র ভবনে নির্বাক চলচ্চিত্র প্রদর্শনী

*সংবাদদাতা* ঃ সিনে গিল্ড, বালির উদ্যোগে ১২ আগস্ট রবীন্দ্র ভবনের রক্তকরবী মঞ্চে একশো বছর আগে নির্মিত 'ব্যাটেলশিপ পোটেমকিন' ও 'দ্য গোল্ডরাশ' শীর্ষক দু'টি নির্বাক চলচ্চিত্র প্রদর্শিত হয়। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের চলচ্চিত্র বিভাগের প্রধান অধ্যাপক অভিজিৎ রায় নির্মাণের ইতিবৃত্ত থেকে সমকালীন আর্থ-সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপক্ষের বর্ণনা তুলে ধরেন। চার্লি চ্যাপলিনের সাথে সের্গেই আইর্জেনস্টাইনের সখ্য এমন পর্যায়ে পৌঁছেছিল যেখানে তাঁরা যৌথ উদ্যোগে চলচ্চিত্র নির্মাণের কথা ভেবেছিলেন বলে তাঁর আলোচনায় উঠে আসে।

# প্রাথমিক স্কুলে 'স্বাধীনতার পক্ষ'



*সংবাদদাতা* ঃ আমতা আওড়গাছি প্রাথমিক বিদ্যালয়ে স্বাধীনতা পক্ষে 'স্বাধীনতার গল্প' নামে এক কর্মসূচি নেওয়া হয়। প্রধান শিক্ষক প্রদীপ রঞ্জন রীত জানান, শিশু পড়ুয়ারা গল্প ভালবাসে সেজন্য প্রতিদিন টিফিনের সময়ে বা স্কুলের ক্লাসের শেষে শহিদ ক্ষুদিরাম, বিপ্লবী বাঘা যতীন, মাতঙ্গিনী হাজরা, বিনয়-বাদল-দীনেশ, মাস্টারদা সূর্য সেন, প্রীতিলতা ওয়াদ্দেদার, কানাইলাল দত্ত প্রমুখ বিপ্লবীদের রোমহর্ষক বীরত্বের কাহিনী, নেতাজি, গান্ধীজি সহ স্থানীয় রসপুরের বিপ্লবী শ্রীশ মিত্র ওরফে হাবু মিত্রের রডা কোম্পানির অস্ত্র লুণ্ঠনের ইতিহাস তুলে ধরা হয়। শিশুদের নিয়ে তাৎক্ষণিক অভিনয়ের মাধ্যমে ঘটনাবলি উপস্থাপিত করা হয়। শিশু পড়ুয়ারা এই সমস্ত কাহিনী শুনে খুশি হয়।

# ৭৯টি বৃক্ষরোপন ও দম্পতিকে 'জীবন স্বীকৃতি' সম্মাননা প্রদান

*সুপ্রকাশ চক্রবর্তী* ঃ ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দক্ষিণ ২৪ পরগণার ঢোলাহাট থানার রবীন্দ্রগ্রাম পঞ্চায়েত এলাকায় ভারত সেবাশ্রম সংঘের গ্রামীণ সেবাকেন্দ্র মন্মথপুর প্রণব মন্দিরে পরিবেশ রক্ষার বার্তা বহনে ৭৯টি বৃক্ষরোপন ও সুখী দাম্পত্য জীবনের স্বীকৃতি হিসাবে ৫০ বছরের উর্দ্ধে ৭৯টি দম্পতিকে 'স্বামী প্রণবানন্দ যুগল সেবা সম্মান' প্রদান করার অভিনব উদ্যোগ নেওয়া হয়। এছাড়া এদিন মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধিত ও স্বামী প্রণবানন্দ মেরিট অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংঘের স্বামী অন্বেষানন্দ, স্বামী দেবেশানন্দ ও স্বামী হৃদয়ানন্দ, সঙ্গীত শিল্পী আচার্য সঞ্জয় চক্রবর্তী, লেখক ও গীতিকবি অনুভব হাজরা, ডাঃ শচীন গিরি, পঞ্চায়েত প্রধান ও উপপ্রধান। সারাদিনব্যাপী নানা কর্মসূচির মাধ্যমে এলাকাটি দেশাত্মবোধ ও সামাজিক সংহতি বার্তায় মুখরিত ছিল।

# সাঁকরাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্রের অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য

*সংবাদদাতা* ঃ সাঁকরাইলের বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্র রহস্য মৃত্যুতে চাঞ্চল্য ছড়ালো। কপিল কুমার (২১) নামে ওই ছাত্রকে কলেজের সুইমিং পুলে ৯ আগস্ট অচৈতন্য অবস্থায় ভাসতে দেখা যায়। তাঁকে উদ্ধার করে আন্দুল রোডের এক বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। জানা যায়, ওই ছাত্র গত জুন মাসে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ছয় মাসের এক কোর্সে ভর্তি হয়েছিলেন। হিমাচল প্রদেশের বাসিন্দা কপিল কলেজের হোস্টেলেই থাকতেন। শনিবার যথারীতি ক্লাসও করেন, বিকালে বন্ধুদের সাথে ডাইভিং পুলে গিয়েছিলেন। সাঁকরাইল থানার পুলিশ এক অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে। খতিয়ে দেখতে কলেজ ক্যাম্পাস ও হোস্টেলের সমস্ত সিসি ক্যামেরার ফুটেজ পরীক্ষা করা হবে। ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ময়না তদন্তের পর মঙ্গলবার কপিলের মৃতদেহ হিমাচলের বাড়িতে পাঠানোর ব্যবস্থা করা হয়। জলে ডুবে ছাত্রটির মৃত্যু হয়েছে বলে ময়না তদন্তের রিপোর্টে জানা যায়। কপিলের. পরিবারের তরফে কলেজের সুরক্ষার অভাবের অভিযোগ জানানো হয়।

# চেঙ্গাইলে যুবক খুনে দোষীর যাবজ্জীবন কারাদন্ড

*সংবাদদাতা* ঃ চেঙ্গাইলের কলাবাগান এলাকার যুবক খুনের ঘটনায় উলুবেড়িয়া আদালত দোষীর যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিল। জানা যায়, গত বছর ১২ এপ্রিল রাতে রাস্তা আটকে ঝামেলা করায় বাপন মান্না ও লক্ষ্মণ মান্না প্রতিবাদ করেন, সেই সময়ে মিটমাট হয়ে গেলেও বাড়ি ফেরার সময়ে বাপনকে বাইক থেকে নামিয়ে আকাশ জানা ছুরি দিয়ে কোপায়। তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উলুবেড়িয়া শরৎচন্দ্র মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়। পুলিশ আকাশ জানা ও সাগর জানা নামে দুই যমজ ভাইকে গ্রেপ্তার করে। উলুবেড়িয়া আদালতের অতিরিক্ত জেলা দায়রা বিচারপতি (১) অনির্বাণ চৌধুরী ৮ আগস্ট আকাশকে দোষী সাব্যস্ত করেন ও ১১ আগস্ট যাবজ্জীবন কারাদন্ডের সাজা ঘোষণা করেন। সেই সঙ্গে ৫০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে আরও ছ'মাস কারাদন্ডের নির্দেশ দেন। বিচারক যমজ ভাই সাগরকে বেকসুর খালাস করেন। সংশোধনাগারে থাকা অবস্থায় এই মামলার শুনানী চলে। মামলায় সরকার পক্ষের আইনজীবী ছিলেন দেবরঞ্জন বন্দ্যোপাধ্যায়।

# বেলুড়ে ব্যবসায়ী খুনে তিন জনের যাবজ্জীবন কারাদন্ড

*সংবাদদাতা* ঃ বেলুড়ে ব্যবসায়ী খুনে তিন আসামীর যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিল হাওড়া আদালত। পুলিশ সূত্রে জানা যায়, বেলুড়ের গিরিশ ঘোষ রোডের বাসিন্দা অজয় সাউ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর রাত্রি ১১টা নাগাদ বাড়ির সামনে এক মিষ্টির দোকান থেকে দই কিনতে বেরিয়েছিলেন, সেই সময় তিন দুষ্কৃতি বাইকে চেপে এসে অজয়কে লক্ষ্য করে গুলি করে। তিনি মাটিতে পড়ে গেলে ছুরি দিয়ে একাধিক কোপ মারে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। এঘটনায় পুলিশ ফারুক শেখ, শেখ শাহজাদা ও ভোলা চট্টোপাধ্যায়কে গ্রেপ্তার করে। হাওড়া আদালতের ফাস্ট ট্র্যাক থার্ড কোর্টে মামলাটি ১১ বছর চলার পর ১৩ আগস্ট বিচারক দেবশ্রী লাহিড়ী তিন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন সশ্রম কারাদন্ডের আদেশ দেন। এই মামলায় মোট ১৭ জন সাক্ষ্য দেন। গৌতম দে এই মামলার সরকারি কৌঁসুলি ছিলেন। দুষ্কৃতিদের যাবজ্জীবন সাজায় মৃতের পরিবার খুশি, অজয়কে নির্মমভাবে খুন করার কারণ তাঁদের কাছে অজ্ঞাত।

# অপারেশন প্রয়াস খোওয়া যাওয়া মোবাইল ফোন ফেরানো হল

*সংবাদদাতা* ঃ হাওড়া গ্রামীণের বিভিন্ন থানা এলাকা থেকে হারিয়ে যাওয়া ১৭০টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দেওয়া হল। উলুবেড়িয়ায় বিভিন্ন অনুষ্ঠানে ৩০টি মোবাইল ফোন ফিরিয়ে দেন উলুবেড়িয়ার মহকুমা পুলিশ আধিকারিক (এসডিপিও) শুভম যাদব ও উলুবেড়িয়া থানার আই সি সঞ্জয় দে। বাগনান এলাকা থেকে হারিয়ে যাওয়া ১৯টি মোবাইল ফোন তুলে দেন উলুবেড়িয়ার এসডিপিও শুভম যাদব ও বাগনান থানার আইসি অভিজিৎ দাস।

জেলার পুলিশ সুপার (গ্রামীণ) সুবিমল পাল জানান, 'অপারেশন প্রয়াস'-এ ইতিমধ্যে গ্রামীণ এলাকা থেকে সাড়ে পাঁচশোরও বেশি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকের হাতে ফিরিয়ে দেওয়া হয়েছে। 'অপারেশন প্রয়াস'-এর প্রথম পর্যায়ে ১৬৭টি, দ্বিতীয় পর্যায়ে ১৮০টি ও তৃতীয় পর্যায়ে ২২৬টি খোওয়া যাওয়া মোবাইল ফোন দেওয়া হয় বলে জানানো হয়। এদিকে হারিয়ে বা চুরি হয়ে যাওয়া মোবাইল ফোন ফিরে পেয়ে প্রকৃত মালিকেরা খুশি, গ্রামীণ পুলিশের এই কাজে তাঁরা কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**সাপ্তাহিক হাওড়া বার্তা-য় প্রকাশের জন্য**

সাময়িকী, প্রবন্ধ, ছোট গল্প, বিজ্ঞানমূলক, রূপচর্চা বিষয়ক রচনা (৫০০-৬০০ শব্দ) ও ছন্দমিল কবিতা - ছড়া (১৬-২০ লাইন) পাঠান

যোগাযোগ ঃ ৯৪৩৩০-৫৮১৭৩

e-mail–howrahbarta.1952@gmail.com

hbarta.sahitya@gmail.com

# নিকাশি নালা পরিষ্কার করতে গিয়ে প্লাস্টিকের সামগ্রী মিলল

## বেলুড় স্টেশন এলাকায়

***নিজস্ব প্রতিনিধি ঃ*** হাওড়া পুর এলাকার মতো বেলুড় স্টেশন এলাকার নিকাশি নালার পরিষ্কার করতে গিয়ে প্লাস্টিকের সামগ্রী পাওয়া গেল। বালি পুরসভা এলাকার বেলুড় স্টেশন রোড সংলগ্ন খামারপাড়া, বিধানপল্লী এলাকা দীর্ঘদিন জলের তলায় থাকায় স্থানীয় বাসিন্দাদের চরম দুর্ভোগে পড়তে হয়। নানা সময়ে তাঁরা অভিযোগ জানান, সেই সমস্যা দূর করতে পুরসভা নড়ে চড়ে বসে। মঙ্গলবার রাতভর নিকাশি নালা পরিষ্কার করা হয়। এজন্য কলকাতা পুরসভা থেকে হাই প্রেসার জেটিং কাম সাকশন মেশিন আনতে হয়। বেলুড়ের প্রায় ন'দশটি ম্যানহোল খুলে পরিষ্কার করা হয়। বালির বিধায়ক ডাঃ রানা চট্টোপাধ্যায় কাজের তদারকি করেন। ভুগর্ভস্থ নালা থেকে এক গাদা প্লাস্টিকের বোতল ও পলিথিন পাওয়া যায়। এসমস্তই নিকাশিকে অবরুদ্ধ করে দিচ্ছে, সাধারণ মানুষ সচেতন না হলে এধরণের সমস্যা থেকেই যাবে বলে বলে বিধায়ক জানান। উল্লেখ্য, কয়েকদিন আগে হাওড়া পুর এলাকার বিভিন্ন জায়গায় নিকাশি নালা পরিষ্কার করতে গিয়ে প্লাস্টিকের বোতল, পলিব্যাগ এমনকি বালিশ, তোষক পর্যন্ত পাওয়া যায় যা নিকাশিকে বাধা দেয়।

# কিন্নর হিমালয়ে হাওড়ার পর্বতারোহী দল

***নিজস্ব প্রতিনিধি ঃ*** হাওড়া ডিস্ট্রিক্ট মাউন্টেনিয়ার্স অ্যাসোসিয়েশনের ২২ সদস্যের একটি দল কিন্নর হিমালয়ের লিও পারগিল শৃঙ্গ জয় করে ফিরে এলেন। গত ১৮ জুলাই দলনেতা স্বরাজ ঘোষের নেতৃত্বে কিন্নর হিমালয়ের লিও পারগিল ৯৬,৭৯২ মিটার) শৃঙ্গের উদ্দেশ্যে দলটি যাত্রা শুরু করে। দলের অন্যতম ম্যানেজার ছিলেন অভিজ্ঞ পর্বতারোহী কিরণ মুখোপাধ্যায়। বরফের একাধিক ফাটল অতিক্রম করে শৃঙ্গের উত্তর-পূর্ব গিরিশিরার নীচে উপস্থিত হন। পরে সাফল্যের সাথে ২৫ জুলাই শৃঙ্গে আরোহন করেন, এরপর ৫,৬০০ মিটার ও দ্বিতীয় ৫,৮৯০ মিটার উচ্চতায় শিবির স্থাপন করেন। প্রচন্ড হাওয়ার দাপট সামলে আট পর্বতারোহী দলটি শৃঙ্গে পৌঁছান বলে জানা যায়।

# রাস্তায় জল জমে, বেনারস রোড অবরোধ

***নিজস্ব প্রতিনিধি ঃ*** দীর্ঘদিন ধরে রাস্তায় জল জমে থাকায় বেনারস রোডে বোস কোম্পানির কাছে ১৩ আগস্ট সকালে স্থানীয় বাসিন্দার পথ অবরোধে সামিল হলেন। এমনিতেই রাস্তাটি ভাঙাচোরা ছিল, তার ওপর পাইপ লাইনের কাজ হওয়ার পর ঠিকমতো সারাই না হওয়ায় আরো বেহাল হয়ে পড়ে। বর্ষা শুরুর আগে রাস্তা সারানোর আশ্বাস দেওয়া হলেও তা বাস্তবায়িত হয়নি বলে বিক্ষোভকারীরা অভিযোগ জানান। তাঁরা জানান, রাস্তার জমা জল বাড়িতে ঢুকে সমস্যা বাড়িয়েছে। পুর কর্তৃপক্ষকে বার বার জানিয়েও কোন ফল না হওয়ায় তাঁরা বিক্ষোভের পথে পা বাড়াতে বাধ্য হয়েছেন। এদিন কয়েকশো মানুষের অবরোধে যান চলাচল ব্যাহত হয়। পুরসভার এক আধিকারিক জানান, বৃষ্টি কমলেই রাস্তাটি সংস্কার করা হবে।

# পথচারীর চড়ে ভ্যান চালকের মৃত্যু, গ্রেপ্তার

***নিজস্ব প্রতিনিধিঃ*** পথচারীর চড়ের আঘাতে মৃত্যু হল এক ভ্যান চালকের। জানা যায়, অলোক নস্কর (৫৩) নামে এক ভ্যান চালক ১৪ আগস্ট সকাল ১১টা নাগাদ সালকিয়া থেকে ভ্যানে টালি নিয়ে যাচ্ছিলেন। কোনার বেনারস রোডে অসীম দাস (৫২) নামে এক পথচারীকে ধাক্কা মারলে দু'জনের মধ্যে কথা কাটাকাটি হয়। এই সময়ে অসীম ভ্যান চালককে সজোরে এক চড় মারলে রাস্তায় লুটিয়ে পড়েন, তাঁকে জগদীশপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়, স্থানীয়রা অসীমকে ধরে প্রচন্ড মারধর করে। পুলিশ এসে অসীমকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে খুনের মামলা রুজু করে ও পুলিশ ঘটনাটির তদন্ত করছে।

# কোনায় বাংলাদেশি অনুপ্রবেশকারী গ্রেপ্তার

***নিজস্ব প্রতিনিধি ঃ*** লিলুয়া থানার কোনা মোড় থেকে ১১ আগস্ট রাত্রে এক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে পুলিশ গ্রেপ্তার করল। জানা যায়, ওমর কারিগর (৫৩) নামে ওই ব্যক্তি কয়েকদিন আগে নদীয়ার সীমান্ত পথে ভারতে প্রবেশ করেন। এরপর কোনভাবে হাওড়ায় এসে পড়েন। লিলুয়া থানার পেট্রলিং ভ্যান ওইদিন রাত্রে ব্যক্তিটিকে ঘোরাঘুরি করতে দেখে আটক করে। পুলিশি জেরায় তিনি জানান, এখানে কাজের খোঁজে দালাল মারফৎ এসে পৌঁছান।

# স্কুলছুটের হার কমেছে, দাবি মুখ্যমন্ত্রীর



হাওড়া শরৎ সদনে কন্যাশ্রী প্রকল্পের অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী অরূপ রায়, সভাধিপতি কাবেরী দাস, সহ-সভাধিপতি অজয় ভট্টাচার্য, জেলাশাসক পি দীপাপ প্রিয়া প্রমুখ

***নিজস্ব প্রতিনিধি ঃ*** রাজ্যে প্রাথমিকে স্কুলছুটের সংখ্যা শূণ্য, মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিকে স্কুলছুটের সংখ্যা কয়েকগুণ কমেছে বলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১৪ আগস্ট আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে কন্যাশ্রী প্রকল্পের বর্ষপূর্তি অনুষ্ঠানে জানান। এপ্রসঙ্গে তিনি জানান, ২০১১-১২ সালে প্রাথমিকে স্কুলছুটের সংখ্যা ছিল ৪.৭৫ শতাংশ এখন তা শূণ্যে পৌঁছেছে। ওই সময়ে মাধ্যমিকস্তরে স্কুলছুট ছিল ১৬.৩২ শতাংশ, ২০২৩-২৪-এ কমে তা হয়েছে ২.০৯ শতাংশ। উচ্চ-মাধ্যমিকে ২০১১-১২ সালে স্কুলছুটের হার ছিল ১৫.৪১ শতাংশ, ২০২৩-২৪-এ কমে তা হয়েছে ৩.১৭ শতাংশ। সমাজে মেয়েদের ক্ষমতায়ণে এর চেয়ে বড় কোন প্রকল্প আছে বলে তাঁর জানা নেই। এটি একটি অভাবনীয় সাফল্য বলে তিনি দাবি করেন। এখনো পর্যন্ত ৯৩ লক্ষ ছাত্রী এই প্রকল্পের অন্তর্ভুক্ত, আগামী বছর ১ কোটি লক্ষ্যমাত্রা হোক এটি তিনি চান। এই প্রকল্পে ১৭ হাজার কোটি টাকা রাজ্য সরকার খরচ করেছে। কন্যাশ্রী প্রকল্প চালু করার নেপথ্যের কথা তুলে ধরে মুখ্যমন্ত্রী বলনে বাবা মারা যাওয়ায় গলার হার বিক্রি করে তিনি কলেজে ভর্তি হয়েছিলেন। সেই সময়ে পড়াশুনোর কোন সুবিধা ছিল না। তিনি আরো জানান, আগস্ট মাস থেকে সবুজসাথী প্রকল্পে ১২ লক্ষ ছাত্রছাত্রীকে সাইকেল দেওয়া হবে। এখনও পর্যন্ত ১ কোটি ৩৮ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাইকেল দেওয়া হয়েছে। সব মিলিয়ে এজন্য ৪৮ হাজার কোটি টাকা খরচ হয়েছে। তিনি বাবা-মায়েদের পরামর্শ দেন মেয়েদের বিয়ের জন্য চাপ দেবেন না, তাদের নিজের পায়ে দাঁড়ানোর ও তাদের আত্ম নির্ভর হওয়ার সুযোগ দেওয়া হোক। রাজ্য সরকারি তরফে যাবতীয় খরচ বহন করছে। ১৮ বছর পূর্ণ হলে কন্যাশ্রী প্রকল্পে ২৫ হাজার টাকা ও মেয়েদের বিয়ের জন্য রূপশ্রী প্রকল্পে ২৫ হাজার টাকা করে দেওয়ার ব্যবস্থা রয়েছে। মুখ্যমন্ত্রী সমাজ মাধ্যমে লেখেন 'আমি সব সময়ে মনে করি, যে সমাজে মেয়েরা ভাল থাকেনা, সেই সমাজ কখনো ভাল হতে পারেনা'।

## ঃ হাওড়ার সমস্ত থানার ফোন নম্বর ঃ

• পুলিশ কন্ট্রোল - ১০০
২৬৪১-৫৬১৪ / ২৬৪০- ৪০০১-৩

• পুলিশ কমিশনার কার্যালয় -
২৬৪১-২৬২৬

| | | | |
|---|---|---|---|
| মহিলা থানা (হাওড়া)ঃ | ২৬৩৭-২৬৩৭ | বালি ঃ | ২৬৫৪-১১২৮ |
| সাইবার ক্রাইম থানা ঃ | ২৬৭৬-৮০০৭ | বেলুড় ঃ | ২৬৫৪-০৩৮০ |
| হাওড়া ঃ | ২৬৪১-১৭৫০ | নিশ্চিন্দা ঃ | ২৬৭১-০০১০ |
| গোলাবাড়ী ঃ | ২৬৬৬-৩৫১৫ | লিলুয়া ঃ | ২৬৪৫-৮০৪৭ |
| মালিপাঁচঘড়া ঃ | ২৬৫৫-৫৯৫২ | জগাছা ঃ | ২৬৫৭-৯২২৩ |
| ব্যাঁটরা ঃ | ২৬৪৩-১০০৯ | সাঁতরাগাছি ঃ | ২৬৫৮-৬৫৬০ |
| শিবপুর ঃ | ২৬৩৮-১০২৮ | দাশনগর ঃ | ২৬৫৩-১২৬০ |
| এ জে সি বসু বি-গার্ডেন | ২৬৮৮-৬৬৩৮ | সাঁকরাইল ঃ | ২৬৭৯-০২০০ |
| চ্যাটার্জীহাট ঃ | ২৬৬৭-২০৩১ | ডোমজুড় ঃ | ২৬৭০-০২০৮ |

• পুলিশ সুপার কার্যালয় - ২৬৬১-৬৪০০

| | | | |
|---|---|---|---|
| মহিলা থানা (উলুবেড়িয়া) ঃ | ২৬৬১-০১০০ | শ্যামপুর ঃ | ৩২১৪-২৬৪২৩২ |
| বাউড়িয়া ঃ | ২৬৬১-৮২৭২ | আমতা ঃ | ৩২১৪-২৬০২৫৬ |
| উলুবেড়িয়া ঃ | ২৬৬১-০২৬১ | জয়পুর ঃ | ৩২১৪-২৩৪১২৬ |
| পাঁচলা ঃ | ৩২১৪-২৫৯২২৪ | জগৎবল্লভপুর ঃ | ৩২১৪-২৫৫২৩০ |
| বাগনান ঃ | ৩২১৪-২৬৬২৪১ | উদয়নারায়ণপুর ঃ | ৩২১৪-২৫৭২২০ |

স্বত্বাধিকারী সুজিত কুমার পাল কর্তৃক ৩৭৪, গ্র্যান্ড ট্রাঙ্ক রোড (উত্তর) হাওড়া - ৭১১১০৬ হতে প্রকাশিত ও তৎকর্তৃক হাওড়া বার্তা প্রিন্টার্স, ২১, শশিভূষণ সরকার লেন, হাওড়া - ৭১১১০৬ থেকে মুদ্রিত।
**সম্পাদক - সুজিত কুমার পাল • যোগাযোগ নং - 94330-58173, 96740-58173 • e-mail–howrahbarta.1952@gmail.com**